

■ সহীহ দুআ ও যিক্রি

বিভাগ/অধ্যায়ঃ সিজদার যিকর

রচয়িতা/সম্প্রকাশকঃ আবদুল হামীদ ফাইফী

সিজদার যিকর

১। سَبَّحَنَ رَبِّيُ الْأَعْلَى (সুবহা-না রাবিয়াল আ'লা) অর্থঃ আমি আমার মহান প্রভুর সপ্রশংস পবিত্রতা ঘোষণা করি। ৩ বার বা ততোধিক বার। (আবু দাউদ, মুঃ আহমদ)

২। سَبَّحَنَ رَبِّيُ الْأَعْلَى وَبِحَمْدِهِ (উচ্চারণঃ- সুবহা-না রাবিয়াল আ'লা অবিহামদিহ। অর্থ- আমি আমার মহান প্রভুর সপ্রশংস পবিত্রতা ঘোষণা করি। ৩ বার। (আবু দাউদ, মুঃ আহমদ, দারাকুত্বনী)

৩। রুকুর ৩নং তসবীহ।

৪। রুকুর ৪নং তসবীহ।

৫।

اللَّهُمَّ لَكَ سَجَدْتُ وَبِكَ آمَنْتُ وَلَكَ أَسْلَمْتُ سَجَدَ وَجْهِي لِلَّذِي خَلَقَهُ وَصَوَرَهُ فَأَحْسَنَ صُورَتَهُ وَشَقَّ سَمْعَهُ
وَيَصْرَهُ فَتَبَارَكَ اللَّهُ أَحْسَنُ الْخَالِقِينَ

উচ্চারণঃ- আল্লাহ-হস্মা লাকা সাজাততু অ বিকা আ-মানতু অ লাকা আলামতু অ আন্তা রাবী, সাজাদা অজহিয়া লিঙ্গায়ী খালাকাহ অ স্বাউওয়ারাহ ফাআহসানা সুওয়ারাহ অশাক্তা সামআহ অবাস্বারাহ ফাতাবা রাকাল্লা-হ আহসানুল খালিকীন।

অর্থঃ হে আল্লাহ! আমি তোমারই জন্য সিজদাবনত, তোমাতেই বিশ্বাসী, তোমার নিকটেই আগ্রহপূর্ণকারী, তুমি আমার প্রভু। আমার মুখমণ্ডল তাঁর উদ্দেশ্যে সিজদাবনত হল, যিনি তা সৃষ্টি করেছেন, ওর আকৃতি দান করেছেন এবং আকৃতি সুন্দর করেছেন। ওর চক্ষু ও কর্ণকে উদগত করেছেন। সুতরাং সুনিপুণ স্রষ্টা আল্লাহ কত মহান! (মুসলিম)

৬।

اللَّهُمَّ اغْفِرْ لِي ذَنْبِي كُلَّهُ دُقَهُ وَجَلَّهُ أَوَّلُهُ وَآخِرُهُ وَعَلَانِيَتَهُ وَسِرَّهُ

উচ্চারণ- আল্লাহ-হস্মাগফিরলী যামবী কুল্লাহ, দিক্কাহ অজিল্লাহ, অ আউওয়ালাহ অ আ-খিরাহ, অ আলা-নিয়্যাতাহ অসিল্লাহ।

অর্থ- হে আল্লাহ! তুমি আমার কম ও বেশী, পূর্বের ও পরের, প্রকাশিত ও গুপ্ত সকল প্রকার গোনাহকে মাফ করে দাও। (মুসলিম)

৭।

سَجَدَ لَكَ سَوَادِي وَخَيَالِي وَأَمَنَ بِكَ قُوَّادِي ، أَبُوءُ بِنْعِمَتِكَ عَلَيَّ ، هَذِهِ يَدِي وَمَا جَنَيْتُ عَلَى نَفْسِي

উচ্চারণঃ- সাজাদা লাকা সাওয়া-দী অ খিয়ালী অ আ-মানা বিকা ফুআদী, আবুউ বিনি'মাতিকা আলাইয়া। হা-ফী
য়দী অমা জানাইতু আলা নাফসী।

অর্থঃ আমার দেহ ও মন তোমার উদ্দেশ্যে সিজদাবনত, আমার হৃদয় তোমার উপর বিশ্বাসী। আমি আমার উপর
তোমার অনুগ্রহ স্বীকার করছি। এটা আমার নিজের উপর অত্যাচারের সাথে (তোমার জন্য) আমার আনুগত্য।
(হাকেম, বায়বার, মাজমাউয ঘাওয়ায়েদ ২/১২৮)।

৮। তাহাজ্জুদের নামাযের সিজদায় নিমের দুআগুলি পাঠ করা উত্তম।

سُبْحَانَكَ اللَّهُمَّ وَبِحَمْدِكَ لَا إِلَهَ إِلَّا أَنْتَ

উচ্চারণঃ সুবহা-কাল্লা-হুম্মা অবিহামদিকা লা ইলা-হা ইল্লা আন্ত।

অর্থ- হে আল্লাহ! আমি তোমার সপ্রশংস পবিত্রতা ঘোষণা করি, তুমি ছাড়া অন্য কোন সত্য মারুদ নেই। (মুসলিম)

৯। রুকুর ৬নং তসবীহ।

১০।

اللَّهُمَّ اغْفِرْ لِي مَا أَسْرَرْتَ وَمَا أَعْلَمْتَ

উচ্চারণঃ আল্লা-হুম্মাগফিরলী মা আসরারতু অমা আলানতু।

অর্থ- হে আল্লাহ! আমার অপ্রকাশ্য ও প্রকাশ্য পাপসমূহ ক্ষমা করে দাও। (নাসাই, হাকেম)।

১১।

اللَّهُمَّ اجْعِلْ فِي قَلْبِي نُورًا وَفِي لِسَانِي نُورًا وَفِي سَمْعِي نُورًا وَفِي بَصَرِي نُورًا وَمِنْ تَحْتِي نُورًا
وَعَنْ يَمِينِي نُورًا وَعَنْ شِمَالِي نُورًا وَمِنْ بَيْنِ يَدَيِّ نُورًا وَمِنْ خَلْفِي نُورًا وَاجْعِلْ فِي نَفْسِي نُورًا وَأَعْظِمْ لِي نُورًا

উচ্চারণঃ- আল্লা-হুম্মাজআল ফী কালবী নুরাউ অফী লিসানী নুরাউ অফী সাময়ী নুরাউ অফী বাস্তুরী নুরাউ অমিন
ফাউকী নুরাউ অমিন তাহতী নুরাউ অ আঁই য্যামীনী নুরাউ অ আন শিমা-লী নুরাউ অমিন বাইনি য্যাদাইয়া নুরাউ
অমিন খালফী নুরাউ অজআল ফী নাফসী নুরাউ অ আ'যিম লী নুরা।

অর্থ-হে আল্লাহ! আমার হৃদয় ও রসনায় কর্ণ ও চক্ষুতে, উর্ধ্বে ও নিম্নে, ডাইনে ও বামে, সম্মুখে ও পশ্চাতে
জ্যোতি প্রদান কর। আমার আত্মায় জ্যোতি দাও এবং আমাকে অধিক অধিক নূর দান কর। (মুসলিম ৭৬৩)

১২।

اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِرِضَاكَ مِنْ سَخَطِكَ، وَبِمَعْفَافِتِكَ مِنْ عُقُوبَتِكَ، وَأَعُوذُ بِكَ مِنْكَ لَا أُحْصِي ثَنَاءً عَلَيْكَ أَنْتَ كَمَا
أَثْنَيْتَ عَلَى نَفْسِكَ

উচ্চারণঃ আল্লা-হুম্মা ইন্নী আউযু বিরিয়াক মিন সাখাত্তিক, অবিমুআফা-তিকা মিন উকুবাতিক, অ আউযু বিকা
মিনকা লা উহসী সানা-আন আলাইকা আন্তা কামা আসনাইতা আলা নাফসিক।

অর্থঃ হে আল্লাহ! নিশ্চয় আমি তোমার সন্তুষ্টির অসীলায় তোমার ক্রোধ থেকে, তোমার ক্ষমাশীলতার অসীলায়
তোমার শান্তি থেকে এবং তোমার সত্তার অসীলায় তোমার আয়াব থেকে আশ্রয় প্রার্থনা করছি। আমি তোমার উপর

তোমার প্রশংসা গুনে শেষ করতে পারি না, যেমন তুমি নিজের প্রশংসা নিজে করেছ। (মুসলিম, ইবনে আবী শাইবাহ)

⌚ Source — <https://www.hadithbd.com/books/link/?id=11703>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন